দৈনিক বাংলা

তারিখ 09 APR 1996
পৃষ্ঠা ৭ কলাম ৫

# ঢাকা ভার্সিটির ১১টি হলে তল্লাশি ঃ আটক ১১

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ সোমবার ভোর রাতে পুলিশ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১১টি হলে পুনরায় তল্লাশি চালিয়ে ১১ জন বহিরাগত যুবককে আটক করেছে। তল্লাশিকালে পুলিশ ২১ রাউন্ড রাইফেল ও বন্দুকের গুলি, ১২টি তাজা ককটেল ও দুটি সিভিল ওয়াকিটকি উদ্ধার করলেও কোন অস্ত্র উদ্ধার হয়নি।

একযোগে ১১টি হলে পুলিশের এই বিশেষ অভিযানের খবর সোমবার সন্ধ্যায় ক্যাম্পাসে ছড়িয়ে পড়লে সন্ত্রাসীরা গা ঢাকা দেয় এবং অস্ত্র হল থেকে সরিয়ে ফেলে।

ভোর সাড়ে পাঁচটা হতে সকাল সাড়ে ৭টা পর্যন্ত পুলিশের এই বিশেষ অভিযান চলে। তল্লাশিকালে পুলিশ জগন্নাথ হল থেকে ৮ রাউন্ড গুলি, এফ রহমান হল থেকে ১২টি ককটেল, জহরুল হক হল থেকে ৯টি কার্তুজ, শহীদুল্লাহ হল থেকে দুটি সিভিল ওয়াকিটকি ও গাঁজার পুরিয়া উদ্ধার করে। এ সময় জহরুল হক হল থেকে ৪ জন, শহীদুল্লাহ হল থেকে ৫ জন বহিরাগতকে পুলিশ গ্রেফতার করে। তল্লাশিকালে পুলিশ জিয়া, মহসিন, সূর্যসেন, মুজিব, জসীমউদ্দীন, এস এম এবং ফজলুল হক হল থেকে কাউকে গ্রেফতার কিম্বা কোন অস্ত্র উদ্ধার করতে পারেনি। এর আগে পুলিশ গত ২ এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭টি হলে তল্লাশিকালে বেশ কিছু অস্ত্রসহ ২৩ জনকে গ্রেফতার করে। এক সপ্তাহে পুলিশের ঢাকা বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় দফা বিশেষ অভিযান পরিচালিত হল।

গুলি রাখার দায়েব পুলিশ আটককৃতদের বিরুদ্ধে রমনা থানায় একটি মামলা দায়ের করেছে।

## ১২টি ককটেলসহ তিনজন গ্রেফতার

ষ্টাফ রিপোর্টার জানান ঃ পুলিশ তেজগাঁও থানা এলাকায় রোববার সন্ধ্যায় পৃথক দু'টি অভিযান চালিয়ে ১২টি তাজা ককটেল ও একটি চাকু উদ্ধার করেছে। পুলিশ এ ব্যাপারে তিনজনকে গ্রেফতার করেছে।

(৮–এর পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

# ভার্সিটির ১১টি হলে আবার তল্লাশি

এর মধ্যে তেজগাঁও পুলিশ কাওরানবাজার এলাকা থেকে ১২টি তাজা ককটেলসহ সাইফুল ইসলাম নামে একজনকে গ্রেফতার করে। একই থানা পুলিশের আর একটি দল পূর্ব তেজতরী বাজার এলাকা থেকে ১টি চাকুসহ নুরুল ইসলাম ও করিম নামে দু'জন মাস্তানকে গ্রেফতার করে। দু'টো ঘটনার ব্যাপারে তেজগাঁও থানায় পৃথক দু'টি মামলা হয়েছে।

## গ্রেফতার ৯৭

এদিকে গত ২৪ ঘন্টায় ডিবি এবং বিভিন্ন থানা পুলিশ ঢাকা মহানগরী এলাকা থেকে বিভিন্ন অপরাধে জড়িত থাকার দায়ে মোট ৯৭ জনকে গ্রেফতার করে আদালতে সোপর্দ করেছে। গ্রেফতারকৃতদের মধ্যে ৭ জনের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়া রয়েছে। এবং ৩৮ জন নিয়মিত মামলার আসামী।